গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.১১.০০২.২৩. ৬৪০

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিভিশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী ও অস্থায়ী শূন্য পদসমূহে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম: | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | বয়স | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | বাদ্যযন্ত্রী<br>১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ০১<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত সংগীত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বাদ্যযন্ত্রে কমপক্ষে স্নাতক ডিগ্রি। | ক্রমিক নং-০১ থেকে ২৩ এ বর্ণিত পদসমূহের জন্য;<br><br>ঢাকা বিভাগের ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ি, শরীয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলা;<br><br>ময়মনসিংহ বিভাগের সকল জেলা;<br><br>চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী ও রাঙ্গামাটি জেলা;<br><br>রাজশাহী বিভাগের রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও বগুড়া জেলা;<br><br>রংপুর বিভাগের সকল জেলা;<br><br>খুলনা বিভাগের সকল জেলা;<br><br>বরিশাল বিভাগের বরিশাল, ভোলা, ঝালকাঠি ও বরগুনা জেলা;<br><br>সিলেট বিভাগের সকল জেলা;<br><br>এবং<br><br>সকল জেলার যোগ্য এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | স্থির চিত্রগ্রাহক<br>৳.১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ০১<br>(অস্থায়ী) | ১৮ থেকে<br>৩৫ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ৩. | প্রযোজনা সহযোগী/প্রযোজনা সহকারী<br>৳.১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ১৮<br>(১৪টি স্থায়ী ও ৪টি অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রি। | |
| ৪. | ট্রান্সমিশন/ভিটিআর রেকর্ড কিপার<br>৳.১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০২<br>(অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রি। | |
| ৫. | রূপকার<br>৳.১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০৩<br>(২টি স্থায়ী ও ১টি অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ৬. | ওয়াড্রোব সহকারী<br>৳.১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রি। | |
| ৭. | সহকারী হিসাবরক্ষক<br>৳.১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০৪<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রি। | |
| ৮. | টেলিভিশন টেকনিশিয়ান<br>৳.১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ১৮<br>(১২টি স্থায়ী ও ৬টি অস্থায়ী) | ১৮ থেকে<br>৩৫ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক (বিজ্ঞান) পরীক্ষায় উত্তীর্ণ এবং ০২ (দুই) বৎসরের ফাইনাল ট্রেড সার্টিফিকেটসহ ০৫ (পাচঁ) বৎসরের অভিজ্ঞতা। | |
| ৯. | বিজ্ঞাপন সহকারী<br>৳. ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রি। | |
| ১০. | টেলিপ্রিন্টার অপারেটর<br>৳.১০২০০-২৪৬৮০/-(গ্রেড-১৪) | ০২<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস এবং টিএন্ডটি বোর্ড হতে টেলিপ্রিন্টার-এ সার্টিফিকেট প্রাপ্ত। | |
| ১১. | হিসাব সহকারী<br>৳.১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০২<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রি। | |
| ১২. | লাইসেন্স পরিদর্শক<br>৳.১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০২<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রি। | |
| ১৩. | উচ্চমান সহকারী<br>৳.১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০২<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং কমন পদ নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৪. | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>৳.১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০২<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং কমন পদ নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপশিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৫. | নিরাপত্তা পরিদর্শক<br>৳.১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০২<br>(অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রি সম্পন্ন। | |
| ১৬. | পেইন্টিং সহকারী<br>৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | ০১<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩৫ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস এবং কোন বিজ্ঞাপনী সংস্থায় পেইন্টিং কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১৭. | জুনিয়র টেলিভিশন টেকনিশিয়ান/টাওয়ার টেকনিশিয়ান<br>৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | ০১<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং ৫০০ ফুট উচ্চ টাওয়ার আরোহণ করার ক্ষমতা ও কাজ করার অভিজ্ঞতা। | |
| ১৮. | লাইটিং সহকারী<br>৳.৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৮<br>(৪টি স্থায়ী ও ৪টি অস্থায়ী) | ১৮ থেকে<br>৩৫ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত ভকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট বা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা কোন সরকারি টেকনিক্যাল ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল কোর্সে ট্রেড সার্টিফিকেটধারী। | |
| ১৯. | ক্যাশিয়ার<br>৳.৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১<br>(অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে কমপক্ষে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস। সরকারি নিয়মানুসারে প্রয়োজনীয় জামানত দিতে হইবে। | |
| ২০. | ইলেকট্রিশিয়ান<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৩<br>(অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃত ভকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (ভিটিআই/টিটিসি) হইতে ট্রেড কোর্স সার্টিফিকেট। | |
| ২১. | পাম্প অপারেটর<br>৳. ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃত ভকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার হইতে সংশ্লিষ্ট ট্রেড কোর্স পাস। | |
| ২২. | গাড়িচালক<br>৳.৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৮<br>(৭টি স্থায়ী ও ১টি অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কমপক্ষে ৮ম শ্রেণি বা সমমানের পরীক্ষায় পাস। হালকা, মাঝারী ও ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ি চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ২৩. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>৳.৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৪<br>(অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা ২০১৯ এর তফসিল-৩ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ। | |

চলমান পাতা-০২/

| ক্র ম: | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | বয়স | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ২৪. | মঞ্চ সহায়ক<br>৮,৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ০৮<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কার্পেন্ট্রি কাজে বাস্তব অভিজ্ঞতার সার্টিফিকেট। | ক্রমিক নং-২৪ থেকে ৩১ এ বর্ণিত পদসমূহের জন্য;<br>ঢাকা বিভাগের ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলা;<br>ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, নেত্রকোনা ও শেরপুর জেলা;<br>চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর ও নোয়াখালী জেলা;<br>রাজশাহী বিভাগের রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ ও বগুড়া জেলা;<br>রংপুর বিভাগের রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট ও ঠাকুরগাঁও জেলা;<br>খুলনা বিভাগের খুলনা, যশোর, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও মেহেরপুর জেলা;<br>বরিশাল বিভাগের বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর ও বরগুনা জেলা;<br>সিলেট বিভাগের সকল জেলা;<br>এবং<br>সকল জেলার যোগ্য এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। |
| ২৫. | কস্টিউম আয়রনার<br>৮,৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ০১<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং লন্ড্রী কাজে বাস্তব অভিজ্ঞতার সার্টিফিকেট। | |
| ২৬. | ওবি সহকারী<br>৮,৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ০৩<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট বিষয়ে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | |
| ২৭. | ইকুইপমেন্ট ক্লিনার<br>৮,৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৪<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃতিপ্রাপ্ত ভকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (ভিটিআই/টিটিসি) হইতে (পার্ট-১) ট্রেড কোর্স সার্টিফিকেটধারী। | |
| ২৮. | অফিস সহায়ক<br>৮,৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১২<br>(৭টি স্থায়ী ও ৫টি অস্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কমন পদ নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৯. | নিরাপত্তা প্রহরী<br>৮,৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৯<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | |
| ৩০. | মালি<br>৮,৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৪<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হইবে। | |
| ৩১. | পরিচ্ছন্নতা কর্মী<br>৮,৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৫<br>(স্থায়ী) | ১৮ থেকে<br>৩০ বৎসর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. ৩০.০৫.২০২৩ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা (নাতি-নাতনি)-এর ক্ষেত্রে বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২.০৯.২০২২ তারিখের নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ সংখ্যক স্মারক মোতাবেক আবেদনকারীর বয়স ২৫.০৩.২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণও আবেদন করার যোগ্য হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা। ক্রমিক নং ১৩ ও ১৪ এর ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত সকল প্রার্থীদের সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না। যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র অবশ্যই মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://btv.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **০২.০৫.২০২৩ খ্রি. সকাল- ৯:০০ টা**

(ii) Online -এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: **৩০.০৫.২০২৩ খ্রি. বিকাল-৫:০০ টা**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে **পরীক্ষার ফি এবং সার্ভিস চার্জ বাবদ ক্রমিক নং- ১ ও ২ এ বর্ণিত পদের জন্য ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা, ক্রমিক নং ৩-২৩ এ বর্ণিত পদসমূহের জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং ২৪-৩১ এ বর্ণিত পদসমূহের জন্য ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: BTV<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BTV ABCDEF

Reply: Applicant's Name, Tk- 334/223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BTV <space>Yes<space>PIN & Send to 16222.

দ্বিতীয় SMS: BTV<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BTV Yes 12345678.

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BTV Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চলমান পাতা-০৩/

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://btv.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম , ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে BTV<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BTV Help User ABCDEF & sent to 16222

(ii) PIN Number জানা থাকলে BTV<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BTV Help PIN 12345678 & sent to 16222

৪. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক ১ হতে ৮ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ)
২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ।
৫. ক্রমিক নং-২২ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
৬. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৭. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।
৮. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে উক্ত বক্তব্যের স্বপক্ষে আবেদনকারীকে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

৫. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে। তবে কারিগরি পদসমূহে ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৬. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ টেলিভিশনের ওয়েবসাইট www.btv.gov.bd এ পাওয়া যাবে।

৭. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে যে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

29/8/26

পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।